



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ক্রীড়া পরিষদ
ক্রীড়া শাখা
www.nsc.gov.bd



স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৪.০১.০০০৫.২২.১৯৩

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা ক্রীড়া সংস্থা, জেলা ক্রীড়া সংস্থা ও বিভাগীয় ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি গঠন।

সূত্র: ২৭ আগস্ট ২০২৪ তারিখের ৩৪.০৩.০০০০.০০৪.০১.০০২/২৩-৩১২৮ নম্বর স্মারক;

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮-এর ২(১৫) ধারার ক্ষমতাবলে গঠিত স্থানীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্র মোতাবেক উপজেলা ক্রীড়া সংস্থা, জেলা ক্রীড়া সংস্থা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থাসমূহ স্থানীয় ক্রীড়া উন্নয়নে কাজ করে যাচ্ছে। স্থানীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্রে উল্লেখিত উপজেলা ক্রীড়া সংস্থার গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২৪.৩ -এর ক্ষমতাবলে উপজেলা ক্রীড়া সংস্থা, জেলা ক্রীড়া সংস্থার গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২৮.৩-এর ক্ষমতাবলে জেলা ক্রীড়া সংস্থা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২৩.৩-এর ক্ষমতাবলে বিভাগীয় ক্রীড়া সংস্থার পূর্বের গঠিত কমিটি/এ্যাডহক কমিটি মাননীয় চেয়ারম্যান, জাতীয় ক্রীড়া পরিষদের অনুমোদনক্রমে এতদ্বারা বাতিল করা হলো। একই সঙ্গে কমিটি/এ্যাডহক কমিটি গঠন বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল পত্র বা নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো।

০২। জাতীয় ক্রীড়া পরিষদের উপর অর্পিত ক্ষমতাবলে উপজেলা ক্রীড়া সংস্থা, জেলা ক্রীড়া সংস্থা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থার ০৭ (সাত) সদস্য বিশিষ্ট এ্যাডহক কমিটির প্রস্তাব নিম্নরূপভাবে নির্দেশক্রমে অবহিত করা হলো:

(ক) উপজেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি গঠনের প্রস্তাব নিম্নরূপ-

ক্রম	এ্যাডহক কমিটির সদস্য	পদবি
০১	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
০২	অফিসার ইন চার্জ	সদস্য
০৩	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
০৪	যুব উন্নয়ন অফিসার	সদস্য
০৫	উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য
০৬	স্থানীয় ক্রীড়াবিদ (১ জন)	সদস্য
০৭	স্থানীয় ক্রীড়া সংগঠক/ক্রীড়াবিদ	সদস্য-সচিব

(খ) জেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি গঠনের প্রস্তাব নিম্নরূপ-

ক্রম	এ্যাডহক কমিটির সদস্য	পদবি
০১	জেলা প্রশাসক	সভাপতি
০২	পুলিশ সুপার	সদস্য
০৩	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	সদস্য
০৪	উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস	সদস্য
০৫	জেলা ক্রীড়া অফিসার	সদস্য
০৬	স্থানীয় ক্রীড়াবিদ (১ জন)	সদস্য
০৭	স্থানীয় ক্রীড়া সংগঠক/ক্রীড়াবিদ	সদস্য সচিব

(গ) বিভাগীয় ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি গঠনের প্রস্তাব নিম্নরূপ-

ক্রম	এ্যাডহক কমিটির সদস্য	পদবি
০১	বিভাগীয় কমিশনার	সভাপতি

০২	ডেপুটি ইন্সপেক্টর জেনারেল (ডিআইজি)	সদস্য
০৩	পুলিশ কমিশনার	সদস্য
০৪	পরিচালক, স্থানীয় সরকার	সদস্য
০৫	যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস	সদস্য
০৬	স্থানীয় ক্রীড়াবিদ (১ জন)	সদস্য
০৭	স্থানীয় ক্রীড়া সংগঠক/ক্রীড়াবিদ	সদস্য সচিব

০৩। উপরে বর্ণিত মতে উপজেলা ক্রীড়া সংস্থা, জেলা ক্রীড়া সংস্থা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য জাতীয় ক্রীড়া পরিষদে প্রস্তাব প্রেরণসহ নিম্নোক্ত বিষয় অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা ক্রীড়া সংস্থাগন উপজেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটির প্রস্তাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে জেলা প্রশাসকের নিকট দাখিল করবেন।

(খ) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা ক্রীড়া সংস্থাগন জেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটির প্রস্তাবসহ ও উপজেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটির প্রস্তাব আগামী ১০ (দশ) দিনের মধ্যে জাতীয় ক্রীড়া পরিষদে বিশেষ বাহক মারফত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

(গ) বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থাগন বিভাগীয় ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটির প্রস্তাব আগামী ১০ (দশ) দিনের মধ্যে জাতীয় ক্রীড়া পরিষদে বিশেষ বাহক মারফত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) প্রেরিত এ্যাডহক কমিটির প্রস্তাব অনুমোদনের পর বিভাগীয়, জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থাসমূহের এ্যাডহক কমিটি স্থানীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে গঠনতন্ত্রে উল্লিখিত পদ্ধতিতে নির্বাচন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) সৃষ্টি ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে ক্রীড়া সংস্থার নির্বাচিত কমিটি গঠন করে নির্বাচিত কমিটির তালিকা জাতীয় ক্রীড়া পরিষদে প্রেরণ করবেন।

(চ) এ্যাডহক কমিটির সভাপতি নিজে বা সভাপতির অনুমতিক্রমে যে কোনো সভায় বিশেষ প্রয়োজনে বিশেষ কোনো সহায়তা/পরামর্শের জন্য যে কোনো কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে পারবেন।



১০-০৩-২০২৬

মোঃ দৌলতুজ্জামান খাঁন

নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

ফোন : ০২৪১০৫০৫৫২

ইমেইল : executive.director@nsc.gov.bd

d

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল) ও সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থা (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, জেলা ক্রীড়া সংস্থা (সকল) এবং
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সভাপতি, উপজেলা ক্রীড়া সংস্থা (সকল)।

স্মারক নম্বর: ৩৪.০৩.০০০০.০০০.০০৪.০১.০০০৫.২২.১৯৩/১ (৩)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৩। অফিস কপি, সংশ্লিষ্ট নথি।



A handwritten signature in black ink, appearing to be 'Daulat Uddin Khan', written over a horizontal line.

১০-০৩-২০২৬

মোঃ দৌলতুজ্জামান খাঁন
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)